# এমপিওভুক্ত শিক্ষকদের বাড়িভাড়া ভাতা ৫ শতাংশ নির্ধারণে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি




সংগৃহীত ছবি

টানা আট দিনের আন্দোলনের পর এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া ভাতা ৫ শতাংশ নির্ধারণে সম্মতি জানিয়েছে অর্থ মন্ত্রণালয়। তবে শিক্ষকরা এই প্রস্তাব প্রত্যাখ্যান করে আন্দোলন অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন।

দীর্ঘ আট দিন ধরে আন্দোলনরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের দাবির প্রেক্ষিতে বাড়িভাড়া ভাতা ৫ শতাংশ নির্ধারণে সম্মতি দিয়েছে অর্থ মন্ত্রণালয়। রোববার (১৯ অক্টোবর) অর্থ বিভাগের উপসচিব মরিয়ম মিতুর স্বাক্ষরিত এক সম্মতিপত্রে এ সিদ্ধান্ত জানানো হয়। এতে উল্লেখ করা হয়, বাড়িভাড়া ভাতা সর্বনিম্ন দুই হাজার টাকা হবে।

সম্মতিপত্রে অর্থ মন্ত্রণালয় বেশ কয়েকটি শর্তও যুক্ত করেছে। এর মধ্যে রয়েছে, বাড়িভাড়া ভাতা ভবিষ্যতের জাতীয় বেতনস্কেল অনুযায়ী সমন্বয় করা হবে এবং এই ভাতা বৃদ্ধির কারণে কোনো বকেয়া প্রাপ্য হবে না। একই সঙ্গে ভাতা প্রদানের ক্ষেত্রে সরকারি আর্থিক বিধি-বিধান কঠোরভাবে অনুসরণ করতে হবে বলে নির্দেশনা দেওয়া হয়েছে।

এছাড়া, ভাতা সংক্রান্ত ব্যয়ে ভবিষ্যতে কোনো অনিয়ম দেখা গেলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন বলেও সম্মতিপত্রে উল্লেখ করা হয়েছে।

তবে প্রস্তাবিত ৫ শতাংশ ভাতা অপ্রতুল দাবি করে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা। তাঁদের দাবি, ন্যূনতম ৩০ শতাংশ বাড়িভাড়া ভাতা প্রদান না করা পর্যন্ত তারা কর্মসূচি চালিয়ে যাবেন।